

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০১৫.২২.৩৫৯

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৯
০২ মার্চ ২০২৩

বিষয়: ঝালকাঠি পৌরসভার পাম্প চালক (বরখাস্তকৃত) জনাব মোঃ সোহেল খান কর্তৃক দাখিলকৃত আপিল আবেদনের পরিপ্রেক্ষিতে প্রদত্ত আদেশ।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের বিভাগীয় আপিল মামলা নং ২২/২০২২ এর ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঝালকাঠি পৌরসভার পাম্প চালক জনাব মোঃ সোহেল খান-কে পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪১(১)(খ) এর (ঈ) মোতাবেক উক্ত পৌরসভার আদেশ নং ঝাল/পৌর/সাধা/২০২১-৫০৫, তারিখ: ১৭ অক্টোবর ২০২১ মূলে চাকুরী হতে বরখাস্ত করা হয়।

২। উক্ত বরখাস্তের আদেশের বিরুদ্ধে উক্ত কর্মচারী সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর আপিল আবেদন করেন। সরকার পক্ষে সচিব মহোদয় কর্তৃক উক্ত আপিল আবেদনটি গ্রহণ করায় বিভাগীয় আপিল মামলা ২২/২০২২ রুজু করা হয়। উক্ত আপিল মামলায় শুনানী গ্রহণ, সংশ্লিষ্ট নথিপত্র, যাবতীয় তথ্য, প্রমাণকসমূহ ও সাক্ষ্য ইত্যাদি সার্বিক পর্যালোচনান্তে, আপিল আবেদনকারী কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা পরিচালনার ক্ষেত্রে পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ অনুযায়ী পদ্ধতিগত ত্রুটি, আদেশের ন্যায়সঙ্গতা ও প্রদত্ত দণ্ড মাত্রাতিরিক্ত বিবেচনায় গত ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে সরকার পক্ষে সচিব, স্থানীয় সরকার বিভাগ মহোদয় কর্তৃক ঝালকাঠি পৌরসভার আদেশ নং ঝাল/পৌর/সাধা/২০২১-৫০৫, তারিখ: ১৭ অক্টোবর ২০২১ মূলে জনাব মোঃ সোহেল খান, পাম্প চালক, ঝালকাঠি পৌরসভা-কে প্রদত্ত 'চাকুরী হতে বরখাস্ত' দণ্ডদেশ এতদ্বারা রদরহিত করে একই বিধিমালার বিধি ৪০(চ)-তে বর্ণিত দণ্ডের ভিত্তিতে বিধি ৪১(১)(ক)(ই) অনুযায়ী '২(দুই) বছরের জন্য বেতন-বর্ধন স্থগিত' রাখা এবং বিধি মোতাবেক প্রয়োজ্য সুবিধাদি প্রদানের আদেশ প্রদান করা হয়।

৩। এমতাবস্থায়, ঝালকাঠি পৌরসভার পাম্প চালক (বরখাস্তকৃত) জনাব মোঃ সোহেল খান কর্তৃক দাখিলকৃত বিভাগীয় আপিল ২২/২০২২ নম্বর মামলায় পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪৯ এর উপ-বিধি (৩) অনুযায়ী গত ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে সরকার পক্ষে সচিব, স্থানীয় সরকার বিভাগ মহোদয় প্রদত্ত আদেশ প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২/০৩/২০২৩

মোঃ আব্দুর রহমান

উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lgpaura1@lgd.gov.bd

মেয়র

ঝালকাঠি পৌরসভা

ঝালকাঠি

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৬. মির্জা কেয়া আক্তার (মরহুম মোঃ সোহেল খান, পাম্প চালক, ঝালকাঠি পৌরসভা এর সহধর্মিনী)।